

## কানাডার ভিসা পেতে বাংলাদেশী ছাত্রদের বিড়ম্বনা থাকবে না

সুনীল ব্যানার্জী ॥ এখন থেকে কানাডায় যেতে ইচ্ছুক বাংলাদেশী ছাত্রছাত্রীদের ভিসা পেতে বিড়ম্বনার সম্মুখীন হতে হবে না। এ জন্য ঢাকাস্থ কানাডার দূতাবাসে অতিরিক্ত ২ জন ইমিগ্রেশন অফিসার নিয়োগ করা হবে। একই সঙ্গে ইমিগ্রেশন অফিসের স্থানও বাড়ানো হবে। কানাডার এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় এলাকার দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী ডেভিড কিলগুর ও তার সফরসঙ্গীর সঙ্গে বৈঠকে এই সিদ্ধান্ত হয়। বৈঠকে ঢাকাস্থ কানাডার দূতাবাসের ইমিগ্রেশন বিভাগে লোকের সংখ্যাগতাহেতু ও স্থানাভাবের কারণে গত বছর বাংলাদেশের অসংখ্য ছাত্রছাত্রী কানাডা পড়তে যাবার জন্য ভিসা পায়নি বলে আলোচিত হয়। সোমবার ঢাকায় কানাডার নতুন চ্যান্সারি অফিসের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হচ্ছে। এই চ্যান্সারিতে এখন যে সুযোগ-সুবিধা আছে তার ৫/৬ গুণ বাড়বে। আগামী ২০০৫ সালের মধ্যে এই চ্যান্সারির নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার কথা। তবে তার আগে

বর্তমান দূতাবাসেই কানাডায় যেতে ইচ্ছুক ছাত্রছাত্রী ছাড়াও অন্যদের যাওয়ার সুবিধা বাড়ানো হবে। বিশেষ ইমিগ্র্যান্টদের ভোগান্তি যাতে না হয় সেদিকে লক্ষ্য রাখা হবে। এ জন্য আগামী এপ্রিল থেকে জুন মাসের মধ্যে অতিরিক্ত ২ জন ইমিগ্রেশন অফিসার নিয়োগ করা হবে। কানাডার এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় এলাকার দায়িত্বপ্রাপ্ত পররাষ্ট্র প্রতিমন্ত্রী ডেভিড কিলগুর সঙ্গে বাংলাদেশের উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে বৈঠকের প্রেক্ষিতে এই সিদ্ধান্ত হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রেস ব্রিফিংয়ে মহাপরিচালক (আমেরিকা) নাসিম ফেরদৌস এসব তথ্য জানিয়ে বলেন, কানাডার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশী ছাত্রছাত্রীদের অধ্যয়নের প্রবণতা বাড়ছে। ২০০০ সালের তুলনায় গত বছর কানাডায় অধ্যয়নরত বাংলাদেশী ছাত্রছাত্রীর সংখ্যা তিন গুণ বেড়েছে। এই সংখ্যা চলতি বছর থেকে আরও বাড়বে, এমনকি ৫/৬ গুণ বাড়লেও অবাক হবার কিছু নেই।